Question Paper Sl. No. S8304045

# 2025

# GEOGRAPHY

**Time - Three Hours Fifteen Minutes**

(First Fifteen minutes for reading the question paper only)

**Full Marks - 90**

(For Regular and Sightless Regular Candidates)

**Full Marks - 100**

(For External and Sightless External Candidates)

*Special credit will be given for answers which are brief and to the point*

*Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting*

( **'ক'** বিভাগ থেকে **'চ'** বিভাগ পর্যন্ত প্রদত্ত প্রশ্ন **নিয়মিত ও বহিরাগত** সব পরীক্ষার্থীদের জন্য এবং **'ছ'** বিভাগে প্রদত্ত প্রশ্ন শুধুমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য)

**'ক'** বিভাগে সকল প্রশ্ন আবশ্যিক, অন্য বিভাগে বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়। **'চ'** বিভাগে কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের বিকল্প প্রশ্নের নির্দেশ অনুযায়ী উত্তর লিখবে। অন্য সকলে মানচিত্র চিহ্নিত করবে।

RSGS8304045

## বিভাগ 'ক'

১। **বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ** **১x১৪ = ১৪**

১.১ নিম্নলিখিত গুলির মধ্যে মিলেট শস্য চিহ্নিত করো —

(ক) রাগি (খ) ভুট্টা

(গ) যব (ঘ) গম

১.২ ভারতের প্রথম কাপড়ের কল স্থাপিত হয় —

(ক) আহমেদাবাদ (খ) কোয়েম্বাটোর

(গ) ঘুষুড়ি (ঘ) কানপুর।

১.৩ কোলকাতা ও দিল্লিকে সংযোগকারী জাতীয় সড়কপথটি হলো —

(ক) NH - 2

(খ) NH - 6

(গ) NH - 44

(ঘ) NH - 1

১.৪ ভারতের উপগ্রহ চিত্র প্রকাশ করে —

(ক) Survey of India

(খ) ISRO

(গ) NATMO

(ঘ) I S I

১.৫ বর্ষাকালে ভরা কোটালের সময় সমুদ্রের জল প্রবলবেগে নদীর মোহনা দিয়ে ভিতরে প্রবেশ করে, তাকে বলে —

(ক) সমুদ্র স্রোত

(খ) সমুদ্র তরঙ্গ

(গ) সুনামি

(ঘ) বান ডাকা।

১.৬ নিম্নলিখিতগুলির মধ্যে পরিবেশে সর্বাধিক ক্ষতিকারক দূষক হলো —

(ক) পলিথিন

(খ) খবরের কাগজ

(গ) ফেলে দেওয়া খাবার

(ঘ) প্রাণীজ বর্জ্য

১.৭ আয়তন অনুসারে ভারতের ক্ষুদ্রতম কেন্দ্র শাসিত অঞ্চল হলো —

(ক) লাদাখ

(খ) দিল্লি

(গ) লাক্ষাদ্বীপ

(ঘ) পুদুচেরী

১.৮ দিহং, দিবং ও লোহিত নদীর মিলিত প্রবাহের নাম —

(ক) গোদাবরী

(খ) ব্রহ্মপুত্র

(গ) তিস্তা

(ঘ) সিন্ধু

১.৯ হিমালয়ের একটি সরলবর্গীয় উদ্ভিদের উদাহরণ হ'ল —

(ক) মেহগিনি

(খ) অর্জুন

(গ) শাল

(ঘ) পাইন

RSGS8304045 RSGS8304045 RSGS8304045 RSGS8304045

১.১০ যে প্রাকৃতিক প্রক্রিয়ায় মাটি ও শিলাস্তর অভিকর্ষের টানে উচ্চভূমির ঢাল বরাবর নীচে নেমে আসে তাকে বলে—

(ক) আবহবিকার (খ) আরোহণ

(গ) পুঞ্জিত ক্ষয় (ঘ) সঞ্চয়

১.১১ পাখীর পায়ের মতো বদ্বীপ দেখা যায় যে নদীর মোহানায় —

(ক) মিসিসিপি-মিসৌরি (খ) হোয়াংহো

(গ) ইরাবতী (ঘ) তাইবার

১.১২ দক্ষিণ গোলার্ধে সমুদ্র স্রোত বামদিকে বিক্ষিপ্ত হয়, কারণ —

(ক) পৃথিবীর আবর্তন (খ) সমুদ্র জলের লবণতা

(গ) সমুদ্র জলের (ঘ) অভিকর্ষজ বল ।

১.১৩ অধঃক্ষেপণের একটি উদাহরণ হ'ল —

(ক) শিশির

(খ) শ্লিট

(গ) কুয়াশা

(ঘ) ধোঁয়াশা

১.১৪ ক্যারিবিয়ান সাগরে সৃষ্ট ঘূর্ণাবর্তকে বলা হয় —

(ক) টাইফুন (খ) টর্নেডো

(গ) উইলি- উইলি (ঘ) হ্যারিকেন

## বিভাগ 'খ'

**২। ২.১ নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো ঃ** **১x৬ = ৬**

২.১.১ ভূপৃষ্ট সংলগ্ন বায়ুস্তর প্রধানতঃ উত্তপ্ত হয় বিকিরণ পদ্ধতির সাহায্যে । F

২.১.২ ভূবৈচিত্র্য সূচক মানচিত্রে ভূমিভাগের দূরত্ব ও মানচিত্রের দূরত্বের অনুপাত স্কেলের দ্বারা নির্দেশিত হয়। F

২.১.৩ সিমেন্ট কারখানা থেকে উৎপাদিত বর্জ্য পদার্থ বায়ু দূষণ ঘটায় । T

২.১.৪ উল্কাপিন্ড স্ট্রাটোস্ফিয়ার স্তরে পুড়ে ছাই হয়। F

২.১.৫ শুক্ল ও কৃষ্ণ পক্ষের অষ্টমী তিথিতে সমুদ্রে ভরা কোটাল দেখা যায়। T

RSGS8304045

২.১.৬ মরু অঞ্চলে বায়ু ও জলের মিলিত কার্যের ফলে সৃষ্ট অস্থায়ী হ্রদগুলিকে প্লায়া বলে ।

২.১.৭ হিমালয়ের পাদদেশ অঞ্চলে নুড়ি, বালি ও পলি ঘটিত সমভূমি অঞ্চল বেট নামে পরিচিত ।

**২. ২. উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও) ঃ** ১ x ৬ = ৬

২.২.১ গ্রীষ্মকালে উত্তর পশ্চিম ভারতের ধূলিঝড় ________________ নামে পরিচিত ।

২.২.২ উপগ্রহ চিত্রের ক্ষুদ্রতম এককের নাম ________________ ।

২.২.৩ চন্দ্র থেকে পৃথিবীর দূরত্ব যখন ৩ · ৫৬ লক্ষ কিমি হয় তখন তাকে ________________ অবস্থান বলে।

২.২.৪ পারমানবিক শক্তি উৎপাদন কেন্দ্র থেকে নির্গত বর্জ্যকে ________________ বর্জ্য বলে ।

২.২.৫ নদী দ্বারা ________________ পদ্ধতির সাহায্যে অদ্রবীভূত সুক্ষ বালু, পলি ও কাদা পরিবাহিত হয়।

২.২.৬ বায়ুর চাপ পরিমাপ করা হয় ________________ যন্ত্রের সাহায্যে ।

২.২.৭ যে প্রাকৃতিক প্রক্রিয়ার মাধ্যমে ভূপৃষ্ঠের উপরিভাগে ভূমিরূপের বিবর্তন ও পরিবর্তন ঘটে, তাকে ________________ বলে ।

**২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাও (যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও) ঃ** ১x৬ = ৬

২.৩.১ শীতকালে উত্তর পশ্চিম ইউরোপের বন্দরগুলি কোন উষ্ণ স্রোতের প্রভাবে বরফমুক্ত থাকে ?

২.৩.২ কাশ্মীরে প্রবাহিত বিতস্তা (ঝিলম) নদী, কোন নদীর উপনদী ?

২.৩.৩ ভারতের উত্তর পূর্বাঞ্চলে কোন ধরণের চাষের জন্য অধিক মৃত্তিকা ক্ষয় দেখা যায় ?

২.৩.৪ ওড়িশার কটক শহরে কোন ফসলের কেন্দ্রীয় গবেষণাগার অবস্থিত ?

২.৩.৫ ২০১১ খ্রিস্টাব্দের আদমসুমারি অনুসারে ভারতের মহানগরের ন্যূনতম জনসংখ্যা কতো ?

২.৩.৬ ভূবৈচিত্র্যসূচক মানচিত্রে প্রদত্ত R. F. যখন ১ঃ ৫০০০০ তখন এর মেট্রিক স্কেল কতো ?

২.৩.৭ পর্বতের পাদদেশে নদীর কার্যের ফলে যে শঙ্কু আকৃতির ভূমিরূপ সৃষ্টি হয় তাকে কী বলে ?

২.৩.৮ যে কাল্পনিক রেখা দ্বারা সমান বৃষ্টিপাতযুক্ত অঞ্চলগুলিকে যুক্ত করা হয় তার নাম কী ?

**২.৪. বামদিকের সঙ্গে ডানদিকেরগুলি মিলিয়ে লেখো ঃ** ১x৪ =

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ লাডাক | ১। করমুক্ত বন্দর |
| ২.৪.২ কান্ডালা | ২। খারদুংলা |
| ২.৪.৩ ভিলাই | ৩। লুনি |
| ২.৪.৪ রাজস্থান | ৪। লৌহ ইস্পাত শিল্প |

RSGS830045

## বিভাগ 'গ'

৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ ২x৬ = ১২

৩.১ 'কচ্ছের রণ' কী ?

অথবা

কৃষি বনসৃজনের সংজ্ঞা দাও ।

৩.২. অনুসারী শিল্প বলতে কী বোঝো ?

অথবা

সোনালি চতুর্ভুজের পূর্ব ও পশ্চিম প্রান্তে অবস্থিত দুটি মহানগরের নাম লেখো ।

৩.৩ 'ফলস্ কালার' (ছদ্ম রঙ) বলতে কী বোঝো ?

অথবা

উপগ্রহের সেন্সর কী ?

৩.৪ বিষাক্ত বর্জ্যের সংজ্ঞা দাও ।

অথবা

বর্জ্যের পৃথকীকরণ বলতে কি বোঝো ?

৩.৫ 'শিশিরাঙ্ক' বলতে কি বোঝা যায় ?

অথবা

সি জি গি কী ?

৩.৬ নদীর অবঘর্ষ বলতে কি বোঝো ?

অথবা

অ্যালবেডোর সংজ্ঞা দাও ।

RSGS8304045 RSGS8304045 RSGS8304045 RSGS8304045

## বিভাগ 'ঘ'

৪. সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ ৩x৪ = ১২

৪.১ বর্জ্য ব্যবস্থাপনার বিভিন্ন পদ্ধতিগুলি বর্ণনা করো ।

অথবা

ভাগীরথী / হুগলী নদীর উপর বর্জ্যের প্রভাব আলোচনা করো ।

৪.২ উপগ্রহ চিত্রের প্রধান তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করো ।

অথবা

ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্রের তিনটি প্রধান সুবিধা আলোচনা করো ।

৪.৩ অশ্বক্ষুরাকৃতি হ্রদের সৃষ্টি চিত্রসহ সংক্ষেপে ব্যাখ্যা করো ।

অথবা

আয়ন বায়ু ও পশ্চিমা বায়ুর মধ্যে তিনটি প্রধান পার্থক্য উল্লেখ করো ।

৪.৪ ভারতের জলবায়ুর উপর ক্রান্তীয় ঘূর্ণবাত ও পশ্চিমী ঝঞ্ঝার প্রভাব উল্লেখ করো ।

অথবা

পাঞ্জাব ও হরিয়ানার কৃষি উন্নতির কারণগুলি আলোচনা করো ।

## বিভাগ 'ঙ'

( দৃষ্টিহীন পরীক্ষার্থীদের ক্ষেত্রে চিত্রাঙ্কন আবশ্যিক নয় )

**৫।৫.১ যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫x২ =

৫.১.১ . ট্রপোস্ফিয়ার ও স্ট্রাটোস্ফিয়ার স্তরের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো ।

৫.১.২ চিত্রসহ জোয়ারভাটা সৃষ্টির কারণগুলি ব্যাখ্যা করো ।

৫.১.৩ হিমবাহের ক্ষয়কার্যের ফলে সৃষ্ট তিনটি প্রধান ভূমিরূপ চিত্র ও উদাহরণ সহযোগে আলোচনা করো।

৫.১.৪ পৃথিবীর নিরক্ষীয় নিম্নচাপ বলয় এবং মেরুদেশীয় উচ্চচাপ বলয় সৃষ্টির কারণগুলি চিত্রসহ ব্যাখ্যা করো।

**৫.২ যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫x২

৫.২.১ ভারতের গম চাষের অনুকূল প্রাকৃতিক পরিবেশের বর্ণনা দাও ।

৫.২.২ ভারতের কৃষ্ণ মৃত্তিকার প্রধান আঞ্চলিক বন্টন, সৃষ্টি এবং বৈশিষ্ট্যগুলি আলোচনা করো ।

৫.২.৩ ভারতের নগরায়ণের প্রধান পাঁচটি সমস্যা আলোচনা করো ।

৫.২.৪ ভারতের তথ্য প্রযুক্তি শিল্পের উন্নয়নের কারণগুলি আলোচনা করো ।

RSGS8304045 RSGS8304045 RSGS8304045 RSGS8304045

## বিভাগ 'চ'

৬. **প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখা মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাও ঃ** ১x১০ = ১০

৬.১ দক্ষিণ ভারতের একটি ল্যাটেরাইট মৃত্তিকা অঞ্চল

৬.২ পূর্ব ভারতের একটি ম্যানগ্রোভ অরণ্য অঞ্চল

৬.৩ উত্তর ভারতের একটি ইক্ষু উৎপাদক অঞ্চল

৬.৪ সাতপুরা পর্বত

৬.৫ মহানদী

৬.৬ কোল্লেরু - হ্রদ

৬.৭ সর্বাধিক বৃষ্টিপাতযুক্ত স্থান

৬.৮ চন্ডীগড়

৬.৯ পূর্ব ভারতের একটি ভারী ইঞ্জিনিয়ারিং শিল্পকেন্দ্র

৬.১০ নভসেবা বন্দর

**অথবা**

**( শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য )**

৬. **যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও ঃ** **১x১০ = ১০**

৬.১ ভারতের কেন্দ্রীয় ইক্ষু গবেষণাগার কোথায় অবস্থিত ?

৬.২ ভারতের কোন অঞ্চলে পৃথিবী বিখ্যাত সুগন্ধি চা উৎপাদিত হয় ?

৬.৩ ভারতের বৃহত্তম বেসরকারী লৌহ-ইস্পাত শিল্পকেন্দ্রের নাম লেখো ।

৬.৪ ভারতের কোথায় প্রথম পেট্রোরসায়ন শিল্পকেন্দ্র গড়ে উঠেছে ?

৬.৫ ভারতের দীর্ঘতম জাতীয় সড়ক কোনটি ?

৬.৬ ২০১১ খ্রিস্টাব্দের আদমসুমারি অনুসারে ভারতের সবথেকে জনবহুল রাজ্যের নাম লেখো ।

৬.৭ জনসংখ্যা অনুসারে ভারতের বৃহত্তম মহানগর কোনটি ?

৬.৮ গোয়ার একটি বন্দরের নাম লেখো ।

৬.৯ তেলেঙ্গানা রাজ্যের রাজধানীর নাম লেখো।

৬.১০ কারাকোরাম পর্বতের সর্বোচ্চ শৃঙ্গের নাম লেখো।

৬.১১ ভারতের একটি গ্রস্ত উপত্যকার নাম লেখো।

৬.১২ ভারতের বৃহত্তম স্বাদু জলের হ্রদ কোনটি ?

৬.১৩ ভারতের কোথায় ক্যাক্টাস জাতীয় উদ্ভিদ পাওয়া যায় ?

৬.১৪ শীতকালে ভারতে কোন ধরনের ধান চাষ করা হয় ?

## বিভাগ 'ছ'

**( শুধুমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য )**

**৭.১ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ** ২×৩ = ৬

৭.১.১ ক্যাটাবেটিক বায়ু কী ?

৭.১.২ মহাদেশীয় হিমবাহের সংজ্ঞা দাও।

৭.১.৩ কৃষিজ বর্জ্যের সংজ্ঞা দাও।

৭.১.৪ হিমপ্রাচীর বলতে কি বোঝো ?

**৭.২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ** ১x৪ = ৪

৭.২.১ ভারতের একটি খনিজ ভিত্তিক শিল্পের নাম লেখো।

৭.২.২. ভারতের কোন অঞ্চলে রজ্জুপথের ব্যবহার দেখা যায় ?

৭.২.৩ ভারতের উচ্চতম মালভূমির নাম লেখো।

৭.২.৪ স্বাধীনতার পরবর্তী কালে নির্মিত ভারতের প্রথম বহুমুখী নদী পরিকল্পনা কোনটি ?

৭.২.৫ ভারতের একটি তন্তুজাত ফসলের নাম লেখো।

***